গাংনীতে র্যাবের উপরে হামলা; ৫ জনের নামে দু’টি মামলা

মেহেরপুরের গাংনী উপজেলার হাড়াভাঙ্গা গ্রামে র্যাবের অভিযান চলাকালিন সময়ে সরকারি কাজে বাধা দান, উপপরিদর্শক উত্তম কুমার রায়কে উপুর্যপরি কুপিয়ে জখম ও ফেনসিডিল উদ্ধারের ঘটনায় গাংনী থানায় পৃথক দুটি মামলা রুজ্জু হয়েছে।

র্যাব-১২ এর পক্ষ থেকে এজাহার নামীয় ৫ ও অজ্ঞাতনামা আরও ৪/৫ জনকে আসামি করে মামলা দুটি দায়ের করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন।

এজাহার নামীয় আসামিরা হলেন, গাংনী উপজেলার হাড়াভাঙ্গা সেন্টারপাড়া এলাকার হামিদুল ইসলামের ছেলে মোঃ আবু সাইদ ওরফে সুইট(৩০), মৃতু নুর আহম্মেদের ছেলে মোঃ হামিদুল ইসলাম (৫৫), কালু হোসেনের ছেলে সুজন(৩০), রুহুল আমীনের ছেলে মো: ভুট্টো(২৮) ও সহড়াতলা গ্রামের বর্ডারপাড়া এলাকা সাধু হোসেনের ছেলে মিলন(২৫)। আরও অজ্ঞাতনামা ৪/৫ জন মাদক ব্যবসায়ীকে আসামি করা হয়েছে।

এদিকে র্যাব-১২, সিপিসি মেহেরপুর ক্যাম্পের কমান্ডারের পক্ষ থেকে আজ দুপুরে একটি প্রেস নোট পাঠানো হয়েছে।

র্যাব-১২ সিপিসি মেহেরপুর কমান্ডার সিনিয়র সহকারী পুলিশ সুপার মোঃ গোলাম ফারুক স্বাক্ষরিত প্রেসনোট থেকে জানা গেছে, গতকাল মঙ্গলবার (৩০ মে) বিকাল ৩টা ৫০ মিনিটের সময় র্যাবের একটি আভিযানিক দল গাংনী উপজেলার হাড়াভাঙ্গা মাদ্রাসা- কালিতলা কল্যানপুরগামী ইটের সলিং রাস্তার হাড়াভাঙ্গা (বাগানপাড়া) একটি কলা বাগানের মধ্যে অভিযান চালান। এসময় র্যাবের উপস্থিতি টের পেয়ে সুইট তার পিতা হামিদুল, সুজন, ভূট্টো, মিলনসহ অন্যান্যরা পালিয়ে যায়। এসময় সুইটকে তাড়া করলে সে পালানোর চেষ্টা করে। সুইট’কে ধৃত করার প্রাক্কালে তার বাম হাত থেকে মাদকদ্রব্য ফেন্সিডিল থাকার একটি বস্তা ফেলে দিয়ে তার ডান হাতে থাকা ধারালো হাসুয়া দিয়ে এসআই(নিঃ)/উত্তম কুমার রায়’কে লক্ষ্য করে উপর্যুপরি মাথা ও ঘাড়ে আঘাত করে গুরুতর রক্তাক্ত জখম করে।

এসময় এসআই উত্তম কুমার রায় তার নামে ইস্যুকৃত পিস্তল দিয়ে ৩ রাউন্ড গুলি এবং তার সঙ্গীয় কনস্টেবল কৃষ্ণ চন্দ্র’র নামে ইস্যুকৃত পিস্তল দিয়ে নিজেদের আত্মরক্ষা ও সরকারি অস্ত্র গুলি রক্ষার জন্য ৭ রাউন্ড গুলি করেন। এসময় আসামীরা ছত্রভঙ্গ হয়ে যায় এবং আসামী মোঃ আবু সাইদ ওরফে সুইট হাতে পায়ে গুলিবিদ্ধ হয়ে মাটিতে পড়লে তাকে আটক করা হয়।

আটকের পর জখমী এসআই(নিঃ)/উত্তম কুমার রায়’কে চিকিৎসার জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালে এবং গুলিবিদ্ধ আসামী মোঃ আবু সাইদ সুইট’কে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ প্রাথমিক চিকিৎসা শেষে ডাক্তারের পরামর্শে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে প্রেরণ করা হয়। আসামি আবু সাইদ সুইটের দখলে থাকা ৬৮ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়েছে। এসময় হামলা করার কাজে ব্যবহৃত রক্তমাখা ধারালো হাসুয়া উদ্ধার করে ক্যাম্পের উদ্দেশ্যে নিয়ে আসা হয়।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার-৭ জন

মেহেরপুর তিন থানা পুলিশের ১২ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলায় ৭ জন আসামি গ্রেফতার হয়েছে।
এদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলায় ২ জন, মুজিবনগর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ২ও গাংনী থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ৩ আসামি গ্রেফতার হয়েছে।
মঙ্গলবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে জেলার বিভিন্ন স্থানে ও পুলিশের একটি টিম ঢাকাতে আজ বুধবার (৩১ মে) ভোররাত পর্যন্ত অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।
গ্রেফতার অভিযানে নেতৃত্ব দেন গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি)

মেহেদী রাসেল। পুলিশের একাধিক টিম পৃথক অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।
আজ বুধবার (৩১ মে) দুপুরের দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হবে।

মেহেরপুরের তিন মাদ্রাসা ছাত্রী উদ্ধার; গ্রেফতার ৩

গাংনী উপজেলার বামন্দী দাখিল মাদ্রাসার উধাও হওয়া তিন ছাত্রীকে ঢাকার বিমানবন্দর এলাকা থেকে উদ্ধার করেছে গাংনী থানা পুলিশ। সেই সাথে ৩ জনকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃতরা হলেন,আব্দুল হান্নান, রুমান আলী ও আলমগীর হোসেন।
গতকাল মঙ্গলবার দিবাগত রাতে রাজধানী ঢাকার বিমানবন্দর এলাকা থেকে তাদেরকে উদ্ধার করে পুলিশ। গ্রেফতারকৃতদের বাড়ি বিভিন্ন জেলায়। তারা ঢাকায় শ্রমিক হিসেবে কর্মরত ছিলো।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকতার্ মো: আব্দুর রাজ্জাক বলেন, গত রোববার (২৮মে) গাংনী উপজেলার বামন্দী ইউনিয়নের দেবীপুর গ্রামের বানারুল ইসলামের মেয়ে ও বামন্দী দাখিল মাদ্রাসার অষ্টম শ্রেণির ছাত্রী স্বপ্না খাতুন (১৪), একই গ্রামের সাইদুল ইসলামের মেয়ে ও একই মাদরাসার নবম শ্রেণির ছাত্রী সূবর্ণা খাতুন (১৫) এবং জামরুল ইসলামের মেয়ে নবম শ্রেণির ছাত্রী সুমাইয়া খাতুনকে (১৫) বাড়ি থেকে বের হয়ে আর ফিরে আসেনি। পরে তাদের অভিভাবকরা গাংনী থানায় এসে সাধারণ ডাইরি (জিডি) করেন। ওই তিন ছাত্রী একই সঙ্গে প্রতিদিন মাদ্রাসায় যাওয়া—আসা করতো। গ্রামের মানুষ অনেক খোঁজাখুঁজি করেও তাদের সন্ধান পাননি

বামন্দী পুলিশ ক্যাম্প ইনচার্জ এস আই ইসরাফিল বলেন, তথ্য প্রযুক্তি ব্যবহার করে তিন মাদ্রাসা ছাত্রী উদ্ধার ও তিন জনকে ঢাকার বিভিণ্ণ এলাকা থেকে গ্রেফতার করা হয়েছে।

প্রেম সংক্রান্ত ঘটনার কারনে না অন্য কোনো কারণে ওই মাদ্রাসা ছাত্রীরা ঢাকায় গিয়েছিলো। এ বিষয়ে পরে বিস্তারিত জানানো হবে।

মেহেরপুরে ভারতীয় মদসহ মাদক ব্যবসায়ীকে আটক

১২ বোতল ভারতীয় অফিসার চয়েজ মদসহ আব্দুল্লাহ (২০) নামের এক যুবককে আটক করেছে জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)।

গতকাল মঙ্গলবার সন্ধ্যায় গাংনী উপজেলার কাজিপুর গ্রামে অভিযান চালিয়ে তাকে আটক করে পুলিশ।আটক আব্দুল্লাহ কাজিপুর গ্রামের মৃত সিহাব আলীর ছেলে।

জেলা গোয়েন্দা শাখার ইন্সপেক্টর আমিনুল ইসলামের নেতৃত্বে এসআই আশরাফুল ইসলাম, এএসআই হেলাল উদ্দিন সংগীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে এই অভিযান চালানো হয়।

আসামীর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে গাংনী থানায় মামলা হয়েছে। যার মামলা নং ৩৪

দামুড়হুদায় মডেল থানা পুলিশের ওপেন হাউজ ডে- ২০২৩ অনুষ্ঠিত

“বঙ্গবন্ধুর বাংলাদেশে, পুলিশ আছে জনতার পাশে” এই স্লোগানে দামুড়হুদা মডেল থানা পুলিশ কর্তৃক আয়োজিত ‘ওপেন হাউজ ডে’-২০২৩ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সকাল ১১টায় সদর ইউনিয়ন পরিষদের সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি সাইফুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিনিয়র

সহকারী পুলিশ সুপার দামুড়হুদা সার্কেল জাকিয়া সুলতানা। এ সময় প্রধান অতিথি বাল্যবিবাহ, ইভটিজিং, মাদক, জুয়া, নারী ও শিশু নির্যাতন, চুরি ইত্যাদি বিষয়ে নির্দেশনামূলক ও জনসচেতনামূলক বক্তব্য রাখেন। তিনি পুলিশ এবং জনগণের দূরত্ব কমিয়ে একসঙ্গে কাজ করা সহ অপরাধ নির্মূল করতে পুলিশকে তথ্য দিয়ে সহায়তা করার জন্য উপস্থিত সকলকে আহবান জানান।

বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান মোঃ হযরত আলী, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, সেকেন্ড অফিসার শেখর চন্দ্র মল্লিক, ইউপি সদস্য লিয়াকত আলী, সামসুল ইসলাম, নুরুল ইসলাম, জাহিদুল ইসলাম, হাসান আলী, মোছাঃ রুপালি খাতুন, শাহানাজ খাতুন, হাসিনা খাতুন। সভায় উপস্থিত বক্তারা মাদক ও আইন শৃঙ্খলা বিষয়ক নানা ধরনের তথ্য তুলে ধরেন।

উক্ত অনুষ্ঠানে জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতৃবৃন্দ, কমিউনিটি পুলিশের নেতৃবৃন্দ, সুশীল সমাজের নেতৃবৃন্দ, বিভিন্ন স্কুল কলেজের শিক্ষকবৃন্দ, আলেম ওলামাগণ, বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক্স মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা সদর ইউনিয়ন বিট ইনচার্জ এসআই সালাউদ্দিন।

মুজিবনগরে দুটি দোকান মালিকের ৭ হাজার টাকা জরিমানা

মেহেরপুরের মুজিবনগরে দোকানে ও ফ্রিজের মধ্যে মেয়াদ উত্তীর্ণ পণ্য রেখে বিক্রি করা, মোড়কীকরণ বিধি বহির্ভূত অনুমোদিত পণ্য বিক্রি ও নিত্যপ্রয়োজনীয় পণ্যের মুল্যতালিকা প্রদর্শন না করার অপরাধে দুটি দোকানে ৭ হাজার টাকা জরিমানা আদায় করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর পরিচালিত ভ্রাম্যমাণ অভিযান।

আজ মঙ্গলবার (৩০ মে) দুপুরের দিকে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহমেদ

উপজেলার কেদারগঞ্জ মোড় ও বাগোয়ান এলাকায় এই অভিযান চালান। এসময় সদর উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর মোঃ তারিকুল ইসলাম ও মুজিবনগর থানা পুলিশের একটি টিম ভ্রাম্যমাণ অভিযানকে সহযোগীতা করেন।

ভ্রাম্যমাণ আদালত সূত্র জানায়, বাগোয়ান মোড়ে মেসার্স সাহান স্টোরে দোকানে ও ফ্রিজের মধ্যে মেয়াদ উত্তীর্ণ পণ্য রেখে বিক্রি করা, মোড়কীকরণ বিধি বহির্ভূত অনুমোদিত পণ্য বিক্রি ও নিত্যপ্রয়োজনীয় পণ্যের মুল্যতালিকা প্রদর্শন না করার অপরাধে প্রতিষ্ঠানটির মালিক মো: মিয়ারুল ইসলামকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৮ ও ৫১ ধারায় ৫ হাজার টাকা জরিমানা করা হয়।

অপরদিকে, মেয়াদ উত্তীর্ণ পণ্য নিয়ম বহির্ভূতভাবে দোকানে সাজিয়ে রেখে বিক্রি ও মোড়কীকরণ, বিধি বহির্ভূত পণ্য বিক্রি করাসহ অন্যান্য অপরাধে একই এলাকার মেসার্স আব্দুল্লাহ ফাস্টফুডের মালিক মো: আব্দুল্লাহ আল মামুনকে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ আইনের ৩৭ ও ৫১ ধারায় ২ হাজার টাকা জরিমানা করা হয়।

এসময় দোকান দুটি থেকে জব্দকৃত মেয়াদ উত্তীর্ণ ও খারাপ পণ্যগুলো জনসম্মুখে পুড়ানো হয়। স্থানীয় ব্যবসায়ী ও জনসাধারণের মাঝে সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়।

মেহেরপুরে হত্যা মামলায় তরুণের ১০ বছরের কারাদণ্ড

মেহেরপুর সদর উপজেলার খোকসা গ্রামে মাহিন হত্যা মামলায় তার বন্ধু হাজ্জাজ বিন মানিককে ১০ বছর সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত।

মঙ্গলবার দুপুর ১২ টার দিকে মেহেরপুরের অতিরিক্ত দায়রা জজ আদালতের বিচারক রিপতি কুমার বিশ্বাস এ রায় প্রদান করেন। একই সঙ্গে আসামির ২৫ হাজার টাকা অর্থদণ্ড অনাদায়ে আরও ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত। মামলার অপর আসামী দণ্ডিতের মা হিরাজানকে বেখসুর খালাস দেওয়া হয়েছে।

মামলার বিবরণে জানা গেছে, ২০১৫ সালের ৯ ফেব্রুয়ারি বিকাল ৪ টার সময় স্থানীয় গ্রামের মাঠে ক্রিকেট খেলার সময় মাহিনের ব্যাটে হাজ্জাজ বিন মানিকের সামান্য আঘাত লাগে। এতে ক্ষিপ্ত হয়ে মাহিনের ব্যাট কেড়ে নিয়ে মাথায় আঘাত করে মানিক। মাহিনকে রক্তাক্ত অবস্থায় উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। পরে সেখান থেকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়। কুষ্টিয়া মেডিক্যালে অবস্থার অবনতি হলে সেখান থেকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে রেফার্ড করেন চিকিৎসক। সেখানে ৭ দিন চিকিৎসার পর ১৬ ফেব্রুয়ারি মারা যায় মাহিন। এ ঘটনায় নিহত মাহিনের মামা মাহাবুব হোসেন বাদী হয়ে হাজ্জাজ বিন মানিক ও তার মা হিরাজানকে আসামি করে মেহেরপুর সদর থানায় একটি হত্যা মামলা দায়ের করেন।

মামলার তদন্ত শেষে সদর থানার এসআই মেজবাহ উর দারাইন আদালতে চার্জশীট প্রদান করেন। পরে মামলাটি সিআইডিতে হস্তান্তর হলে সিআইডির উপপরিদর্শক হাসান ইমাম তদন্ত শেষে আদালতে অভিযোগ দাখিল করেন।

মামলায় সরকারি পক্ষের আইনজীবী ছিলেন অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর কাজী শহিদুল হক এবং আসামী পক্ষে মিয়াজান আলী আইনজীবীর দায়িত্ব পালন করেন।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার-৬

মেহেরপুরে পুলিশের ১২ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ৬ আসামি গ্রেফতার হয়েছে।

আসামিদের মধ্যে গাংনী থানা পুলিশের অভিযানে ৩ জন, সদর থানা পুলিশের অভিযানে ২ ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে ১ জন গ্রেফতার হয়েছে।

গতকাল সোমবার সন্ধ্যারাত থেকে আজ মঙ্গলবার (৩০ মে) ভোররাত

পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্ত (ওসি) আব্দুর রাজ্জাক, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্ত (ওসি) সাইফুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্ত (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে গ্রেফতার অভিযান চালানো হয়।

আজ মঙ্গলবার দুপুরের দিকে আসামিদের আদালতে সোপর্দ করা হয়েছে।

মুজিবনগর সীমান্তে ভারতীয় রুপিসহ যুবক আটক

মুজিবনগরের ভারতীয় সীমান্ত থেকে শরিফুল ইসলাম (২৮) নামের এক বাংলাদেশীকে আটক করেছে বিজিবি’র মুজিবনগর বিওপি ক্যাম্প।

আটক শরিফুল ইসলাম মুজিবনগর উপজেলার মাঝপাড়া এলাকার সাহাবুদ্দীনের ছেলে।

মাঝপাড়া ও ভারতের হৃদয়পুর সীমান্ত পিলার ১০৫/৩ এ এর নিকট থেকে তাকে আজ সোমবার দুপুরের দিকে আটক করা হয়।

৬ বিজিবির মুজিবনগর বিওপি কোম্পানী কমান্ডার সুবেদার মিজানুর রহমানের নেতৃত্বে বিজিবির একটি টহল দল তাকে আটক করেন।

মুজিবনগর বিওপি কোম্পানী কমান্ডার সুবেদার মিজানুর রহমান জানান, সীমান্তের নোম্যানসল্যান্ডের কাছে শরিফুল ইসলামকে সন্দেহজনকভাবে ঘোরাফেরা করছিলো। পরে বিজিবির টহল দলের সামনে পড়লে তাকে আটক করে। এসময় তার কাছ থেকে ১৪০০ ভারতীয় রুপি উদ্ধার করা হয়।

এঘটনায় মুজিবনগর থানায় মামলা দিয়ে আদালতে প্রেরণ করা হয়েছে।

দামুড়হুদা মডেল থানা পরিদর্শনে পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন

দামুড়হুদা মডেল থানা আকষ্মিক পরিদর্শন এবং আর্থিক প্রণোদনা প্রদান করেন পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন। গতকাল রবিবার রাত ৮টার দিকে সরজমিনে তিনি পরিদর্শন করেন।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন গতকাল রাত ৮টার দিকে দামুড়হুদা মডেল থানা আকস্মিক পরিদর্শন করেন। এ সময় তিনি অফিসার ও ফোর্সের সাথে থানা অধিক্ষেত্রে আইন-শৃঙ্খলা রক্ষা ও অপরাধ প্রবনতা নিয়ন্ত্রণ বিষয়ে কথা বলেন। তিনি গুরুত্বপূর্ণ মামলার অগ্রগতি ও ওয়ারেন্ট নিষ্পত্তি নিয়ে দিকনির্দেশনা প্রদান করেন। পুলিশ হেডকোয়ার্টার্স নির্দেশিত জনবান্ধন পুলিশী কর্মকাণ্ডের প্রতিচ্ছবি সরূপ নিয়মিত কমিউনিটি পুলিশিং, ওপেন হাউজ ডে এবং বিট পুলিশিং সভা/উঠান বৈঠকের উপর গুরুত্বারোপ করেন।

এছাড়াও, তিনি দামুড়হুদা মডেল থানার ০১/০১/২০০৫ খ্রি: হতে মে/২০২৩ খ্রি: পর্যন্ত মুলতবী মামলা সমূহের সিডিএমএস-এ এন্ট্রি কার্যক্রম পরিদর্শনকালে সন্তুষ্টি প্রকাশ করেন এবং এ কার্যক্রমে সম্পৃক্ত পুলিশ সদস্যদের আর্থিক প্রণোদনা প্রদান করেন।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলাম, ওসি (তদন্ত) শফিকুল ইসলাম, ওসি (অপারেশন) সফিউল আলম, সেকেন্ড অফিসার এসআই শেখর চন্দ্র মল্লিক, এসআই ওবায়দুর রহমানসহ থানার অফিসার বৃন্দ উপস্থিত ছিলেন।